

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপন)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুকসুদপুর, গোপালগঞ্জ
www.muksudpur.gopalganj.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৩৫৩৮.০০০.৩২.০০১.২৩.০২

তারিখ: ২২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: কম্পিউটার বেসিক এন্ড অফিস এপ্লিকেশন কোর্সে ভর্তির লক্ষ্যে আবেদন আহ্বান।

ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরের মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক উন্নয়ন এবং দেশের মানব সম্পদকে বিশ্বমানের হিসেবে গড়ে তোলার জন্য বেকার যুবক এবং ছাত্র ছাত্রীদের কর্মসংস্থানের নিমিত্ত গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলায় ৩ মাস ব্যাপী “কম্পিউটার বেসিক এন্ড অফিস এপ্লিকেশন কোর্স” প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে। আগ্রহী ও মনযোগী মুকসুদপুর উপজেলার স্থায়ী নাগরিকদের নিম্নোক্ত সময়সূচি ও শর্তাবলী অনুসরণ পূর্বক নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

কোর্সের নাম: কম্পিউটার বেসিক এন্ড অফিস এপ্লিকেশন কোর্স
আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ২৯ ফেব্রুয়ারী ২০২৪, বিকাল ৪:০০ ঘটিকা

আবেদন ফরম বিতরণ ও জমাদানের স্থানঃ

- ✓ উপজেলা ডিজিটাল সেন্টার, উপজেলা পরিষদ কমপ্লেক্স (নিচ তলা) ভবন, কক্ষ নং-১০২, মুকসুদপুর, গোপালগঞ্জ।
- ✓ ইমেইল: unomaksudpur@mopa.gov.bd
- ✓ মোবাইলঃ ০১৭২০৫৬২২১৩

প্রশিক্ষার্থীর যোগ্যতা:

- ১) ১৫ - ৩২ বছর বয়সী বাংলাদেশী নাগরিক।
- ২) নূন্যতম এস.এস.সি পাশ ও ইংরেজীতে দক্ষ হতে হবে।
- ৩) বেসিক কম্পিউটার সম্পর্কে জ্ঞান থাকতে হবে।

প্রশিক্ষণের সুবিধা:


- ✓ প্রশিক্ষার্থীদের অভিজ্ঞ প্রশিক্ষকদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।
- ✓ আধুনিক কম্পিউটার ল্যাবে প্রশিক্ষণ প্রদান করা হবে।

বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণ সমাপ্তে সরকারি সার্টিফিকেট প্রদান করা হবে।

লিখিত/মৌখিক পরীক্ষার স্থানঃ

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ০৭ মার্চ ২০২৪, সকাল ১১:০০ ঘটিকা

বিশেষ দৃষ্টব্য: উক্ত প্রশিক্ষণের জন্য কোন প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে না।



(এস এম ইমাম রাজী টুলু)
উপজেলা নির্বাহী অফিসার
মুকসুদপুর, গোপালগঞ্জ

ই-মেইল: unomaksudpur@mopa.gov.bd